
# তোমার বয়স ১৮ বছরের কম
# এবং তুমি মনে করছো
# যে তুমি বিপদগ্রস্ত?



# ফ্রান্সে, প্রতিটি শিশু সহিংসতা এবং নির্যাতন থেকে সুরক্ষিত



তুমি বিপদে পড়লে,
**বা তোমাকে এমন কিছু করতে বাধ্য করা হচ্ছে,** হুমকি দেওয়া হচ্ছে বা লাঞ্চিত করা হচ্ছে যা তুমি করতে চাও না,তোমার কাছে অস্বস্তিকর বা নিষিদ্ধ, তোমাকে লাঞ্ছিত করা হয়।



অথবা, যদি কোন **ব্যক্তি বা গোষ্ঠি** তোমাকে কাজ করতে, ভিক্ষা করতে, চুরি করতে অথবা কোন অপরাধ করতে,সেক্স করতে, ঋণ বা মাদক লেনদেন করতে বাধ্য করে।



অথবা তুমি যদি  ফ্রান্সে তোমার
**পিতামাতা বা  অভিভাবক  ছাড়া থাকো।**



**একজন পেশাদারের সাথে কথা বল:**
পুলিশ কর্মকর্তা, সমিতি,
শিক্ষক, ডাক্তার,
শিক্ষাবিদ, সমাজকর্মী,
আইনজীবী, বিচারক...

তোমাকে সুরক্ষা দেওয়া তাদের কাজ. তোমার **সাহায্য পাওয়ার** এবং যারা তোমার ক্ষতি করতে চায় **তাদের থেকে দূরে থাকার অধিকার রয়েছে।** যদি তোমাকে বেআইনি কিছু করতে বাধ্য করা হয় তবে তোমাকে এর জন্য শাস্তি দেওয়া যাবে না।




তুমি **পুলিশ এবং পুলিশ স্টেশনে** কল করে **17 (ফরাসি) যোগাযোগ করতে পারো** তুমি বিপদে পড়লে **আলো এনফান্স অন ডেঞ্জার** নম্বরেও কল করতে পারো **119 এ** (ফ্রি কল এবং বেনামী 24 ঘন্টা /দিন) ফরাসি এবং ব্যাখ্যা)।

# যদি তোমার বয়স ১৮ বছরের কম হয় এবং তুমি পিতা-মাতা ও তোমার অভিভাবক ছাড়াই ফ্রান্সে থাকো



ফ্রান্সে আসার সাথে সাথে, তোমার ১৮ বছর পূর্ণ না হওয়া পর্যন্ত রাষ্ট্র তোমাকে সুরক্ষা দেবে, বিনা মূল্যে থাকার ব্যবস্থা করবে এবং তোমাকে সঙ্গ দেবে।। একে বলে **এইড সোসিয়েতে অন্ ফ্রন্স ( শিশু কল্যাণ )।**


**একজন শিশু বিচারক এবং শিক্ষাবিদরা সেখানে থাকবেন তোমাকে সঙ্গ দিতে।** তোমাকে একটি গ্রুপ গ্রুপ হোমে বা অ্যাপার্টমেন্টে বা কোন পরিবারের  সাথে রাখা হবে কিনা সেটি তোমার বয়স অনুযায়ী তাঁরা সিদ্ধান্ত নেবেন.....



**একজন পুরুষ বা মহিলা ডাক্তার দিয়ে বিনামূল্যে তোমার চিকিৎসা করা যাবে**

**স্কুল অবৈতনিক এবং যে যেখান থেকেই আসুক সব শিশুর জন্য স্কুল উন্মুক্।** তুমি তোমার দক্ষতা অনুযায়ী ফরাসি শিখতে পারো, তুমি তোমার সমবয়স্ক শিশুর সঙ্গে স্কুলে যেতে পারো এবং তুমি নিজের পছন্দ মত কাজে নিজেকে প্রশিক্ষিত করতে পারো।

**ফ্রান্সে, আইন অনুযায়ী কাজ করার বয়স 16।**



**ছোটদের ক্ষেত্রে ফ্রান্সে থাকার জন্য কাগজপত্রের প্রয়োজন নেই ।** তোমার প্রয়োজন এবং তোমার পরিস্থিতির উপর নির্ভর করে, পেশাদাররা  তোমাকে  সাহায্য করতে সক্ষম হবেন।

**তুমি যদি তোমার পরিবারের সদস্যদের হারিয়ে ফেলো, ফ্রেঞ্চ রেড ক্রস তাদেরকে খুঁজে পেতে, যোগাযোগ রাখতে বা তাদের সাথে পুনরায় মিলিত হতে তোমাকে সাহায্য করতে পারে।.**



**রেড ক্রসের সাথে যোগাযোগ করুন +৩৩(০)১ ৪৪ ৪৩ ১২ ৬০ অথবা মেইলের মাধ্যমে৷ recherches@croix-rouge.fr**

**যদি তোমার পিতা-মাতা না থাকে এবং তোমার পরিবারের সদস্যদের সাথে থাকো**
(ভাই এবং বোন, দাদা-দাদি, খালা, চাচা, চাচাতো ভাই) বা আত্মীয় সেক্ষেত্রে:

**এইসব পেশাদারদের সাথে অবশ্যই যোগাযোগ রাখবে যারা তোমাকে সাহায্য করবে: পুলিশ অফিসার, সমিতি, শিক্ষক, ডাক্তার, শিক্ষাবিদ, সমাজকর্মী, আইনজীবী, বিচারক......**

তোমার পরিবারের সদস্যরা যদি তোমার দায়িত্ব নেন, সেক্ষেত্রে তাঁরা  সহযোগিতা পেতে পারেন।

# কি লক্ষণ দেখে তোমার সতর্ক থাকা উচিত ?

**সর্বদা সতর্ক থাকবে অপরিচিত ব্যক্তি থেকে, সে নারী হোক বা পুরুষ, বা হোক কোনো যুবক:**

• নিজের ছবি বা ভিডিও নিয়ে রাখবে।

• তোমার ফোন,কম্পিউটার বা যোগাযোগের অন্য কোনো মাধ্যমে সেগুলি রাখার চেষ্টা করবে।

• তোমার পরিবার বা প্রিয়জনদের থেকে তোমাকে আলাদা করার চেষ্টা করে।

• এমন প্রতিশ্রুতি দেয় যা তোমার কাছে বিশ্বাসযোগ্য হয়না বা অতিরঞ্জিত বলে মনে হয়।

• তোমাকে কেউ সাহায্য করতে চায় (পরিবহন, খাদ্য, ইত্যাদি) অথবা অর্থের বিনিময়ে সাহায্যের প্রতিশ্রুতি দেয়।



• তোমাকে দিয়ে কাজ করতে বাধ্য করে কিন্তু তোমাকে টাকা দেয় না বা তোমাকে খারাপ কাজ করতে বাধ্য করে।

## নিজেকে রক্ষা করার জন্য এখানে কিছু পরামর্শ দেওয়া হল :

### তোমার ব্যক্তিগত তথ্য এবং পরিচয় নথি সুরক্ষিত রাখবে:



• তোমার ব্যক্তিগত তথ্য এবং তোমার পরিচয় নথিগুলি স্পর্শকাতর এবং এগুলো সর্বদা নিরাপদ এবং গোপনীয় স্থানে রাখতে হবে।.

• তথ্যগুলির একটা ছবি তুলে রাখবে, তথ্যসহ একটি ইমেইল পাঠাতে পারো বা ফটোকপি নিয়ে রাখতে পারো, সেক্ষেত্রে তথ্যগুলোর কোনো ক্ষতি হলে এগুলো তোমাকে সাহায্য করতে পারে

• কর্তৃপক্ষ চাইলে তথ্যগুলো তাদেরকে দিতে পারো।

• দুষ্টু লোকেরা তোমাকে এবং তোমার পরিস্থিতির সুযোগ  নিতে সামাজিক নেটওয়ার্কগুলিতে তোমাকে প্রলোভনের ফাঁদে ফেলার চেষ্টা করতে পারে।

• কাজেই কখনই তোমার  ব্যক্তিগত তথ্য শেয়ার করবে না এবং সোশ্যাল নেটওয়ার্কে বা অজানা ওয়েবসাইটে অপরিচিতদের কাছ থেকে কোনো প্রস্তাব গ্রহণ করবে না। ফ্রান্সে, কর্তৃপক্ষের অফিসিয়াল সাইট «.gouv.fr » দিয়ে শেষ হয়।



## তোমার প্রিয়জনের সাথে যোগাযোগ রাখবে:

• তোমার পরিবার, প্রিয়জন বা বন্ধুদের সাথে যোগাযোগ রাখবে। তোমার সমস্যা সম্পর্কে তাদের বলবে।

• সম্ভব হলে, তোমার পরিচিত এবং বিশ্বস্ত লোকদের সাথে ভ্রমণ করবে।

• তোমার পরিবার বা প্রিয়জনদের থেকে বিচ্ছিন্ন হবে না।



• তোমার ফোন তোমার কাছেই রাখবে। একজন বিশ্বস্ত ব্যক্তির ফোন নম্বর মনে রাখবে এবং একটা পাসওয়ার্ড দিয়ে রাখ যদি তুমি কখনও বিপদে পড়ো এবং নির্দ্বিধায় কথা বলতে না পারো তাহলে তা ব্যবহার করতে পারো ।



**শুধুমাত্র পেশাদারদের কাছ থেকে সাহায্য গ্রহণ করবে যাদেরকে তাদের কিছু বিশেষ সনাক্তকারী বৈশিষ্ট যেমন একটি ভেস্ট বা ব্যাগ দিয়ে চেনা যায় ।**

- তোমাকে সাহায্য করে এমন সংস্থা এবং সমিতিগুলির নাম এবং অফিসিয়াল তথ্যের জন্য জেনে রাখবে।



- যদি তোমাকে কারও গাড়িতে উঠতে হয়, লাইসেন্স প্লেটের একটি ছবি তুলে রাখবে এবং তোমার বিশ্বস্ত কাউকে তা পাঠিয়ে দেবে। গণ পরিবহন ব্যবহারের চেষ্টা করবে।

- তুমি যদি দাপ্তরিক ব্যবস্থাপনার বাইরে অন্য কারো সাথে থাক, তাহলে সেই ব্যক্তির তথ্য (পরিচয় এবং ঠিকানা) নিয়ে রাখবে এবং পেশাদার কাউকে তা জানিয়ে রাখবে।



# কার সাথে যোগাযোগ করতে হবে তুমি যখন নাবালক?

যে সংস্থাগুলি সরাসরি নাবালকদের সাহায্য করে

| | |
|---|---|
| **‘Collectif’ ‘একসাথে মানব পাচারের বিরুদ্ধে’।** | ‘Collectif’ এমন একটি নেটওয়ার্ক যা সব ধরণের মানবাধিকার লংঘনের বিরুদ্ধে কার্যকর লড়াইয়ের জন্য তৈরি করা হয়েছে। নেটওয়ার্কটি ২০০৭সালে সিকোরস ক্যাথলিকরা ২৮ টি ফরাসি অ্যাসোসিয়েশনকে একত্রিত করে প্রতিষ্ঠা করেন, যেটি প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ক্ষতিগ্রস্তদের নিয়ে কাজ করে। |
| **Secours catholique - Caritas France সিকোর্স ক্যাথোলিক ক্যারিটাস ফ্রান্স** | নেটওয়ার্কটি যারা ঝুঁকিতে আছে এবং মানব পাচারের শিকার তাদের কথা শোনে, তাদেরকে আশ্রয় দেয়, ওরিয়েন্টেশন এবং সহায়তা দেয় |
| **Croix-Rouge française ফরাসি রেড ক্রস** | এটি যারা ঝুঁকিতে রয়েছে এবং মানব পাচারের শিকার হয়েছে এমন ব্যক্তিদের তথ্য এবং নির্দেশিকা দেয়। |
| **Hors la Rue ওর লা রু** | এটি নির্যাতিত নিসঙ্গ বিদেশী নাবালকদের খুঁজে বের করে এবং তাদেরকে সাহায্য করে । |
| **Ecpat France - mission Calais একপাত ফ্রান্স মিশন কালাই** | এটি পাচারের শিকার অপ্রাপ্তবয়স্ক এবং প্রাপ্তবয়স্কদের জন্য সামাজিক এবং আইনি সহায়তা দেয় |
| **Agir Contre la Prostitution des Enfants (ACPE) শিশু প্রষ্টিটিউশন এর বিরুদ্ধে ব্যবস্থা(এ সি পি ই)** | এটি যৌন নির্যাতনের শিকার অপ্রাপ্তবয়স্কদেরকে সহায়তা দেয় এবং তাদের আশেপাশের লোকদের (সাইকো-শিক্ষাগত, আইনি সহায়তা) দেয় । |
| **L’amicale du Nid (AdN) ল’আমিকাল দু নিড** | এটি অপ্রাপ্তবয়স্কদের পতিতাবৃত্তি সংক্রান্ত বিষয়ে তাদেরকে ব্যাপক সহযোগিতা প্রদান করে। |
| **ALTHEA - L’Appart আলথিয়া -ল’আপার্ট** | এটি বেশ্যাবৃত্তির ঝুঁকিতে থাকা অপ্রাপ্তবয়স্কদের জন্য আশ্রয়, ওদের কথা শোনা, নির্দেশিকা এবং সহযোগিতা প্রদান করে। |

## Allô Enfance en Danger 119

## আল্লো অনফান্স অন ডেঞ্জার

| | | |
|---|---|---|
| সব ধরনের নির্যাতনের জন্য | ১০৬ রু দ্য  বাক , ৭৫০০৭ প্যারিস ০৬ ৭১ ০০ ৬৯ ৯০<br>contre.la.traite@ secours-catholiques.org<br>www.contrelaraitre.org | প্যারিস কম্পেটেন্স ন্যাশনাল |
| সব ধরনের নির্যাতনের জন্য | ১০৬ রু দ্য  বাক , ৭৫০০৭ প্যারিস ০৬ ৭১ ০০ ৬৯ ৯০<br>genevieve.colas@secours-catholique.org<br>www.secours-catholique.org | প্যারিস কম্পেটেন্স ন্যাশনাল |
| সব ধরনের নির্যাতনের জন্য | সিএইজ: ২১ রু দ্য লা ভ্যান,৯২১০০ মন্ট রুজ<br>০৭৮১৯৬৭২৪৯<br>estelle.kiefer@croix-rouge.fr<br>www.croix-rouge.fr | প্যারিস কম্পেটেন্স ন্যাশনাল |
| সব ধরনের নির্যাতনের জন্য | ৭০,রু ডায় দেলকাপে, ৯৩১০০ মন্টরেউইল  ০১৪১৫৮১৪৬৫;<br>contact@horslarue.org<br>www. horslarue.org | প্যারিস |
| সব ধরনের নির্যাতনের জন্য | +৩৩৭৫৩৫৭০৫৩৪ সোমবার থেকে শুক্রবার ১০ টা থেকে বিকাল ৫ টা (হোয়াটস্যাপ, ভাষা:আরব,টাইগ্রিনিয়া,ইংরেজি, ফরাসি | ক্যালিস |
| যৌন নির্যাতন | ১৪ রু মগ্রেতুর,৭৫০০১ প্যারিস ০১৪০২৬৯১৫১;<br>contact@acpe-asso.org<br>acpe-asso.org | প্যারিস |
| যৌন নির্যাতন | সিএইজ: ২১ রু সাতও দ্য ও ,৭৫০১০ প্যারিস<br>০১৪৪৫২৫৬৪৩; contact@adn-asso.org<br>প্রতিষ্ঠানের ঠিকানা পাওয়া যায় : amicaledunid.org/presentation/# প্রতিষ্ঠানের   সাইট: jenesuispasavendre.org | ইল দ্য ফ্রান্স,,মার্সেই, তুলুস, রেঁনে, মন্টপেয়ীর, লিও |
| যৌন নির্যাতন | ৮, রু দু ভিও টেম্পল, ৩৮০০০<br>গ্রেনোবলে 0476431406; contact@althea38.org<br>https://althea38.org/ | রেনোবলে |

**বিপদগ্রস্ত  শিশুদের জন্য জাতীয় হেল্পলাইন, বিনামূল্যে এবং নাম প্রকাশ না করে (দিনের 24 ঘন্টা, সপ্তাহে 7 দিন, প্রায় 185 টি ভাষায় ব্যাখ্যা), অনলাইন চ্যাট করতে allo119.gouv.fr.**

